বিগত ৬ মাসে মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রণালয়ের অগ্রগতি ২৯.১৫%

# আপনাদের ব্যর্থতা মানেই আমার ব্যর্থতা, যা কাম্য নয়-মৎস্য প্রতিমন্ত্রী।

তথ্যবিবরণী, ঢাকা, ২৩ জানুয়ারি, ২০১৯:
চলতি অর্থবছর অর্থাৎ ২০১৮-১৯ অর্থবছরে প্রায় ৮১৯ কোটিটাকা ব্যয়ে মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রণালয়ের ৪১টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এরমধ্যে সরকারি বরাদ্দকৃত টাকা হচ্ছে ৬০৬ কোটি ২৪ লাখ এবং প্রকল্প-সাহায্যের পরিমান ২১২ কোটি ৭০ লাখ টাকা।

৪১টি প্রকল্পে ডিসেম্বর-১৮ পর্যন্ত বিগত ৬ মাসে সরকারি অংশ থেকে ২৮৬ কোটি ৫৭ লাখ টাকা ছাড় করা হয়। আর এই ৬মাসে ব্যয় হয়েছে মোট ২৩৮ কোটি ৭২ লাখ টাকা।, যার শতকরা হার দাঁড়ায় ২৯.১৫ ভাগ। তবে একই সময়ে প্রকল্প-বাস্তবায়নে জাতীয় গড় অগ্রগতি হচ্ছে ২৭.৪৫%।

বিগত ২০১৭-১৮ অর্থছরে একই সময়ে মন্ত্রণালয়ের ৪৭টি প্রকল্পের বিপরীতে মোট বরাদ্দ ছিল ৯৮৯ কোটি ৫ লাখ টাকা। আর ডিসেম্বর-২০১৭ পর্যন্ত একই সময়ে ২৪৩ কোটি ১৯ লাখ ব্যয় হয়েছিল, যার হার ছিল ২৪.৫৯%।

এরমধ্যে মৎস্য উপখাতের আওতায় ৪৪০ কোটি ৭২ লাখ টাকার ২১টি প্রকল্পের কাজ এগিয়ে চলেছে এবং ডিসেম্বর-১৮ পর্যন্ত ৬ মাসে ব্যয় হয়েছে ১২৪ কোটি ৩৮ লাখ টাকা। অর্থাৎ এসময়ে প্রকল্পের বাস্তবায়ন হয়েছে ২৮.২২%। বিগত ২০১৭-১৮ অর্থবছরে ২৬টি প্রকল্পের জন্য বরাদ্দ ছিল ৪৮৬ কোটি ৬০ লাখ টাকা। একই সময়ে অর্থাৎ ৬ মাসে ব্যয় হয়েছিল মোট ১০২ কোটি ৩৭ লাখ টাকা। এক্ষেত্রে বাস্তবায়নের হার ছিল ২১.০৪% মাত্র।

চলতি অর্থবছরে বাস্তবায়নাধীন ২১টি প্রকল্পের মধ্যে মৎস্য অধিদফতরের (DoF) জন্য ১৪টি প্রকল্পে বরাদ্দ মোট ৩৪১ কোটি ২৮ লাখ টাকা এবং ৬ মাসে ব্যয় হয়েছে ১০৬ কোটি টাকা। এসময়ে প্রকল্পের বাস্তবায়নের হার হচ্ছে ৩১.০৬%। অন্যদিকে মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (BFRI) জন্য ৫টি প্রকল্পে বরাদ্দ প্রায় সাড়ে ৩৪ কোটি টাকা এবং তারা একই সময়ে ব্যয় করতে পেরেছে ৮কোটি ৬৯ লাখ টাকা। এসময়ে তাদের গ্রগতির হার হচ্ছে ২৫.২০%। মন্ত্রণালয়ের আরেকটি সংস্থা মৎস্য উন্নয়ন কর্পোরেশন (BFDC) এর জন্য ২টি প্রকল্পে চলতি অর্থবছরের বরাদ্দ হচ্ছে ৬৪ কোটি ৯৫ লাখ টাকা এবং তারা ৬ মাসে ব্যয় করেছে ৯ কোটি ৬৮ লাখ .টাকা। তাদের বাস্তবায়নের হার হচ্ছে ১৪.৯২%।

মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে নবনিযুক্ত মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু সভাপতিত্বে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির এক সমন্বয়সভায় এসব তথ্য জানানো হয়।

প্রতিমন্ত্রী সভায় প্রকল্পপরিচালকসহ সংশ্লিষ্টদের উদ্দেশ্যে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐতিহ্যবাহী ইলিশের উৎপাদনবৃদ্ধির জন্য জাটকা ও মা-ইলিশের নিধনরোধের ওপর অধিক গুরুত্ব দিয়েছেন। বিগত সময়ে মন্ত্রণালয়ের কর্মকাণ্ডে কিছুটা ভাটা পড়েছিল বলেই একে আরো গতিশীল করতে আমার মতন তৃণমূলের একজন এমপিকে মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়েছেন। আমি মন্ত্রী নয়, আপনাদের

মতন জনগণের একজন সেবক হয়েই আপনাদের সাথে মিলেমিশে মন্ত্রণালয়কে এগিয়ে নিতে চাই। তাই প্রকল্প-বাস্তবায়নে আপনাদের ব্যর্থতা মানেই আমার ব্যর্থতা, যা আদৌ কাম্য নয়।

সভায় মন্ত্রণালয়ের সচিব রইছউল আলম মণ্ডলসহ উর্ধ্বতন অফিসার এবং মৎস্যখাতের প্রকল্পপরিচালকগণ উপস্থিত ছিলেন।

**মোঃ শাহ আলম**
**সিনিয়র ইনফরমেশন অফিসার**
**০১৫১১৬৭৭৬৭৮, ০১৮৪২৬৭৭৬৭৮**